

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
(বিআরডিবি)
ফুলছড়ি, গাইবান্ধা।


স্মারকনং- ৪৭.৬২.৩২২১.০০৭.১৯.০২৩.২১-২৫১

তারিখঃ ২৬ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
১২ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিআরডিবি, ফুলছড়ি উপজেলার আওতাভুক্ত সকল সদস্য এবং সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা পল্লী উন্নয়ন অফিস কর্তৃক বিভিন্ন প্রকল্পে সমিতি গঠন, প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণ উত্তর ঋণ সহায়তা প্রদান কার্যক্রম স্ব স্ব প্রকল্পের নীতিমালা অনুযায়ী পরিচালিত হচ্ছে। উক্ত কার্যক্রমে কোন সেবাগ্রহিতার নিকট থেকে সেবাপ্রদানের নামে কোন প্রকার অর্থ লেনদেনের কোন সুযোগ নাই। অথচ উক্ত কার্যক্রমে বিভিন্ন কুচক্রি প্রতারকচক্র প্রশিক্ষণ ও ঋণ প্রদানের আশ্বাসসহ বিভিন্ন সেবা প্রাপ্তির আশ্বাস দিয়ে সেবাগ্রহিতাদের নিকট থেকে বিভিন্ন অংকের অর্থ হাতিয়ে নেয়ার আশঙ্কা রয়েছে। এমতাবস্থায়, বিআরডিবি'র বিভিন্ন সমিতির সকল সদস্যসহ সর্বসাধারণকে উক্ত কুচক্রি মহল সম্পর্কে সচেতন হওয়ার জন্য এবং কোন প্রকার আর্থিক লেনদেন না করার আহ্বান করা হলো। সর্বপরি বিআরডিবি'র সকল কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানার জন্য ও সেবাগ্রহণের জন্য উপজেলা বিআরডিবি অফিসে (উপজেলা পল্লী উন্নয়ন অফিসার- ০১৯৯১-১৩ ২৩ ৩৩) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

এরপরও যদি কোন সেবাগ্রহীতা এমন প্রতারণার সম্মুখীন হন তবে এর দায় একান্ত সেবাগ্রহিতার উপর বর্তাবে। এরজন্য বিআরডিবি ফুলছড়ি দায়ী থাকবে না।



মোঃ সোহেল রানা
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
বিআরডিবি, ফুলছড়ি, গাইবান্ধা।
০১৭১০১৪৫৬৬৫